

# Telephonic conversation between Prime Minister and King of Bhutan

September 17, 2020

## প্রধানমন্ত্রী এবং ভুটানের রাজার মধ্যে টেলিফোনে বাক্যালাপ

সেপ্টেম্বর 17, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভুটানের রাজা মহামান্য জিগমে কেশর নামগ্যেল ওয়াংচুকের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

মহামান্য রাজা প্রধানমন্ত্রীকে তার 70 তম জন্মদিনের জন্য শুভকামনা জানিয়েছেন। প্রধানমন্ত্রী কুঞ্জতার সাথে সেই শুভেচ্ছা গ্রহণ করেছেন এবং মহামান্য রাজাকে, ভুটানের ভূতপূর্ব রাজা এবং ভুটানের রাজপরিবারের সকল সদস্যকে তার শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।

দুই নেতা, বিশ্বাসের অনন্য বন্ধন এবং প্রীতি যা কিনা ভারত এবং ভুটানকে প্রতিবেশী ও মিত্র হিসেবে একসূত্রে গেঁথে রেখেছে সে বিষয় নিয়ে কথা বলেছেন। এই বিশেষ সৌহার্দকে পোষন করার জন্য ভুটানের রাজার ভূমিকাকে প্রধানমন্ত্রী ধন্যবাদ জানিয়েছেন।

প্রধানমন্ত্রী ভুটান রাজ্যে কোভিড-19 কে কার্যকর রূপে মোকাবিলা করার জন্য প্রধানমন্ত্রী তার প্রশংসা ব্যক্ত করেছেন এবং মহামান্য রাজাকে আশ্বস্ত করেছেন যে, এই প্রসঙ্গে ভুটানকে সর্বতভাবে প্রয়োজনীয় সাহায্য প্রদান করার জন্য ভারত প্রস্তুত রয়েছে।

একটি পারস্পরিক সুবিধামত দিনক্ষণে ভুটানের মহামান্য রাজা এবং তার পরিবারকে ভারতে স্বাগত জানানোর জন্য প্রধানমন্ত্রী তার আগ্রহ প্রকাশ করেছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.